গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০২.২২.১৫৩ তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২

**জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক বগুড়া জেলার বগুড়া সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দর্শন প্রতিবেদন**

১৪/০৯/২০২২ তারিখ বেলা ২-০০ টায় নিম্নস্বাক্ষরকারী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বগুড়া সদর, বগুড়া দর্শন করি। দর্শনকালে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক, উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর জনাব সমর কুমার পালসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দর্শনকালে শাখার নথিপত্র ও বিভিন্ন তথ্যাদি পর্যালোচনা করা হয়।

- উপজেলার মোট আয়তন ১৭৭.৩৪ বর্গকিলোমিটার, পৌরসভা ১টি, ইউনিয়ন ১১টি। উপজেলার মোট জনসংখ্যা ৪,৪৬,২৬৩ জন।
- পরিদর্শন রেজিস্টারটি যথাযথভাবে প্রত্যয়নসহ সংরক্ষণ করা হচ্ছে। সর্বশেষ গত ২৮/০৬/২০২২ তারিখে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক অফিসটি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত নির্দেশনার আলোকে কার্যক্রম বাস্তবায়নসহ পরিদর্শনকারী কর্মকর্তার নিকট বক্ষ্যমাণ জবাব প্রেরণ করা হয়েছে।
- হাজিরা খাতা পর্যালোচনায় দেখা যায় এটি নির্ধারিত ফরমে ব্যবহার করা হচ্ছে এবং প্রত্যয়ন করা আছে। কর্মচারীগণ হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর করছেন এবং নির্ধারিত কলামে নৈমিত্তিক ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে। হাজিরা খাতা যাচাই অন্তে কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষর প্রদান করা হচ্ছে।
- পত্রপ্রাপ্তি রেজিস্টারটি নির্ধারিত ফরমে প্রত্যয়নসহ ব্যবহার করা হচ্ছে। চলতি বছরে দর্শনের তারিখ পর্যন্ত পত্রপ্রাপ্তির সংখ্যা ১৯৭টি। পত্রপ্রাপ্তি রেজিস্টারের মন্তব্য কলামে প্রাপ্ত পত্রের ফাইল নম্বর দেওয়া হচ্ছে।
- পত্রজারি রেজিস্টারটি নির্ধারিত ফরমে প্রত্যয়নসহ ব্যবহার করা হচ্ছে। চলতি বছরে দর্শনের তারিখ পর্যন্ত পত্র জারির সংখ্যা ৯৯৩টি। রেজিস্টারের মন্তব্য কলামে ফাইল নম্বর দেওয়া হচ্ছে।
- ইনডেক্স রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় ১৮টি কালেকশনে মোট নথির সংখ্যা ৩৬৪টি। যথাযথভাবে ইনডেক্স রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে।
- অফিসে ৯টি ক্যাশবহি সংরক্ষণ করা হচ্ছে। ক্যাশবহিসমূহ প্রত্যয়ন করা আছে। ক্যাশবহিসমূহে উপজেলা নির্বাহী অফিসার নিয়মিত স্বাক্ষর করেন। ১৩/০৯/২০২২ তারিখে সমাপনী জের ১৬,৯৪,৩৫,৯০৫/০৭ টাকা। হাতে কোন নগদ টাকা নেই।
- ২০২১-২২ বছরে উপজেলা উন্নয়ন সমন্বয় সভা ১২টি, রাজস্ব সভা ১২টি, আইন-শৃঙ্খলা সভা ১২টি এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সভা ১২টি অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও অন্যান্য বিষয়ে ১০৯টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উপস্থিত সকল সদস্যগণ হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর করেন। সভায় সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লেখা হচ্ছে এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়।
- ২০২১-২২ সালে প্রাপ্ত সার্ভিস স্ট্যাম্পের পরিমাণ ২,০০০/- টাকা, পূর্ববর্তী বছরে প্রাপ্ত স্ট্যাম্পের পরিমাণ ২,৮১০/- টাকা। এর মধ্যে ব্যয় হয়েছে মাত্র ৯০/- টাকা। ২,৭২০/- টাকার স্ট্যাম্প অব্যয়িত আছে।
- গ্রাম পুলিশদের বেতন সংক্রান্ত রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় এটি প্রত্যয়ন করা আছে এবং হালনাগাদ করা আছে। সর্বশেষ জুন/২০২২ মাস পর্যন্ত সরকারি অংশ ও আগস্ট/২২ মাস পর্যন্ত ইউপি অংশ পরিশোধ করা আছে।
- গত বছরের জেরসহ মোট সার্টিফিকেট মোকদ্দমার সংখ্যা ৯৪টি, দাবিকৃত টাকার পরিমাণ ৩৫,২৩,০৩৫/- টাকা। চলতি মাসে নিষ্পন্ন মোট মামলার সংখ্যা ৩টি, আদায়কৃত টাকার পরিমাণ ৭৯,৩৮৯/- টাকা। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৯১টি, অনাদায়ী টাকার পরিমাণ ৩৪,৪৩,৬৪৬/- টাকা।

- বাসা ভাড়া রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় মোট ৫টি কোয়ার্টারে ২২টি ফ্ল্যাট রয়েছে। এসব ফ্ল্যাটের মধ্যে ২১টি বরাদ্দ দেওয়া আছে, অকেজো হওয়ার কারণে ১টি ফ্ল্যাট বরাদ্দ দেওয়া সম্ভব হয়নি। চলতি অর্থ বছরে এ পর্যন্ত বাসা ভাড়া বাবদ ৩,২৮,৪০০/- টাকা আদায় হয়েছে। আদায়কৃত অর্থ ক্যাশবহিতে উঠানো হয়েছে।
- বাংলা ১৪২৯ সালে হাট-বাজার ইজারা বাবদ টাকার পরিমাণ ২,১১,৯০,৫১১/- টাকা। ইজারার বিপরীতে সমূদয় টাকা আদায় করা হয়েছে।
- ২০ একরের নিম্নে সর্বমোট জলাশয়ের সংখ্যা ১১৮টি। এর মধ্যে ৫৭টি জলমহাল ইজারা দেওয়া হয়েছে. ২১টি জলমহাল ভরাট হয়ে গেছে এবং ৫টি জলমহাল নিয়ে মামলা চলমান রয়েছে। বাংলা ১৪২৯ সালে খাস আদায়যোগ্য জলমহালের সংখ্যা ৩৫টি।

সার্বিক মন্তব্য:

- সকল রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং হালনাগাদ রাখতে হবে।
- সকল নথির কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- সার্টিফিকেট মামলা নিষ্পন্নের ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে।
- ক্যাশবহির সঙ্গে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের স্থিতি মিলিয়ে দেখতে হবে।
- মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ কঠোরভাবে প্রয়োগ করতে হবে।
- বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক হাটবাজার/জলমহালসমূহ ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। হাটবাজার/জলমহাল হতে খাস আদায়কৃত অর্থ যাতে যথাযথভাবে নির্ধারিত খাতে জমা হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

২০.০৭.২২
জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

**বিতরণ :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া